

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-14

[সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। কালিদাস রচিত কাব্যগুলির নাম উল্লেখ করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ২+৮
- অথবা,
- ‘শূদ্রক একটিমাত্র নাটক রচনা করে সংস্কৃত সাহিত্যে অমর হয়ে আছেন।’ —নাটকটির নাম কী? এই মন্তব্যটি সম্পর্কে তোমার মতামত দাও। ১+৯
- ২। নাট্যকার রূপে স্যামুয়েল বেকেট-এর মূল্যায়ন করো। ১০
- অথবা,
- বিশ শতকের ইংরেজি কথাসাহিত্যে ভার্জিনিয়া উলফ-এর গুরুত্ব বিচার করো। ১০
- ৩। ছায়াবাদ কাকে বলে? ছায়াবাদী কবি হিসাবে মহাদেবী বর্মার কৃতিত্বের পরিমাপ করো। ৩+৭
- অথবা,
- ‘আঞ্চলিক জীবনের শিল্পী’ হিসাবে হিন্দি কথাসাহিত্যে ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্ব বিচার করো। ১০
- ৪। ভবভূতি রচিত একটি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- অথবা,
- ‘গীতগোবিন্দম’ কাব্যের রচয়িতা কে? এই কাব্যে ক’টি সর্গ আছে? যে-কোনো তিনটি সর্গের নাম লেখো। ১+১+৩
- ৫। ‘ম্যাকবেথ’ নাটকটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ৫
- অথবা,
- ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের কাব্যরচনার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৫

Please Turn Over

৬। সামাজিক বৈষম্য ও শোষণের বিষয়টি প্রেমচন্দ বহু গল্পে অকপটে প্রকাশ করেছেন। —এ জাতীয় একটি গল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

অথবা,

কবি নিরালার সম্পূর্ণ নাম কী? তিনি কলকাতা থেকে প্রকাশিত যে পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন, সেই পত্রিকার নাম ও প্রকাশকের নাম লেখো। তাঁর রচিত প্রথম উপন্যাসের নাম ও প্রকাশকাল লেখো। ১+১+১+১+১

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো। ৫×১

- (ক) কাদম্বরী
- (খ) দি ওয়েস্ট ল্যান্ড
- (গ) দুর্লভ বন্ধু

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) বিক্রমোর্বশীয় কার রচনা, কোন শ্রেণির সাহিত্য?
- (খ) বার্নার্ড'শ রচিত একটি নাটকের নাম ও প্রকাশকাল লেখো।
- (গ) 'চীনী ফেরিওয়ালা' গল্পটির রচয়িতা কে?
- (ঘ) 'হর্ষচরিত' কাব্যটি কার জীবনকথা নিয়ে রচিত?
- (ঙ) আইভ্যান হো কার রচনা, কত সালে প্রকাশিত হয়েছিল?
- (চ) সুমন চরিত্রটি প্রেমচন্দ্রের কোন উপন্যাসে পাওয়া যায়?
- (ছ) রঘুবংশ কাব্যে মোট কতজন রাজার উল্লেখ করা হয়েছে?
- (জ) চার্লস ডিকেন্স কোন বিশেষ সাহিত্যযুগের লেখক? তাঁর লেখা একটি উপন্যাসের নাম লেখো।
- (ঝ) 'মার্ডার ইন দ্য ক্যাথিড্রাল' কার লেখা? এই কাব্যনাট্যে কোন সময়ের ঘটনা বর্ণিত হয়েছে?
- (ঞ) 'বটবাবা' গল্পটি কত সালে, কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- (ট) 'চন্দনচর্চিত নীল কলেবর পীতবসন বনমালী' — কোন কাব্যের অংশ? এর অর্থ কী?
- (ঠ) 'কুকুরমুণ্ডা' শব্দের অর্থ কী? কাব্যটি কত সালে প্রকাশিত হয়?
- (ড) কবি জন কীটস রচিত দুটি কবিতার নাম লেখো।
- (ঢ) 'কবিবচন সুধা' পত্রিকা কে সম্পাদন করেন? তাঁর সম্পাদিত আর একটি পত্রিকার নাম লেখো।
- (ণ) চারুদত্ত চরিত্রটি কোন রচনায় পাওয়া যায়?